প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া পাঁচ নামই ঘোষণা করেছেন রাষ্ট্রপতি: বিএনপি

চেম্বার ডেস্ক:: সাবেক জ্যেষ্ঠ সচিব কাজী হাবিবুল আউয়ালকে নতুন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) হিসেবে নিয়োগ দিয়েছেন রাষ্ট্রপতি মো. আব্দুল হামিদ। আজ শনিবার মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। এদিকে নবগঠিত নির্বাচন কমিশনের বিষয়ে মূখ খুলেছেন বিএনপির নেতারা।

দলটির নেতাদের দাবি, আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া পাঁচ নামই ঘোষণা করেছেন রাষ্ট্রপতি।

বিএনপি নেতাদের ভাষ্য, এই নির্বাচন কমিশন গঠন করা হয়েছে আওয়ামী লীগের নিজেদের লোক দিয়ে। আ.লীগ তাদের লোক দিয়ে ইসি গঠন করবে সেটা বিএনপি আগে থেকেই জানতো। সে কারণে বিএনপি নির্বাচন কমিশন গঠনের সংলাপসহ, সার্চ কমিটিতে নাম দেওয়া থেকে বিরত থাকে বিএনপি।

শনিবার (২৬ ফেব্রুয়ারি) সন্ধ্যায় নতুন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) ও অন্য চার কমিশনার নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারির পর তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় এসব কথা বলেন বিএনপি নেতারা।

নতুন ইসি বিষয়ে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল বলেন, আমরা আগেও বলেছি এখনো পরিষ্কার করে বলছি, শুধু নির্বাচন কমিশন নয়, আওয়ামী লীগ যা কিছু করবে তা নিজেদের লোক দিয়েই করবে। সুতরাং এ নির্বাচন কমিশন, ও নির্বাচন কমিশনার আমাদের কাছে অর্থবহ নয়, তাই নির্বাচন কমিশন নিয়ে আমাদের কোনো আগ্রহ নেই।

প্রধান নির্বাচন কমিশনার ছাড়াও নতুন নির্বাচন কমিশনার হয়েছেন অবসরপ্রাপ্ত জেলা এবং দায়রা জজ বেগম রাশিদা সুলতানা, অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জেনারেল আহসান হাবীব খান, অবসরপ্রাপ্ত সিনিয়র সচিব মো. আলমগীর ও অবসরপ্রাপ্ত সিনিয়র সচিব আনিছুর রহমান।

রাষ্ট্রপতি মো. আব্দুল হামিদ আগামী পাঁচ বছরের জন্য প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনার পদে তাঁদের নিয়োগ দিয়েছেন।

উল্লেখ্য, কেএম নূরুল হুদার নেতৃত্বাধীন সর্বশেষ বিদায়ী ইসির

মেয়াদ গত ১৪ ফেব্রুয়ারি শেষ হয়।